

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd


নম্বর : ২৬.০৪.০০০০.১০৮.১৬.২৬৮.১৯.৫১০

তারিখ: ১৮ ডিসেম্বর ২০১৯

বিষয়: জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের আওতাধীন বিভাগীয় কার্যালয় কর্তৃক দাখিলকৃত ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর দিনব্যাপী কর্মশালা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের আওতাধীন বিভাগীয় কার্যালয় কর্তৃক দাখিলকৃত ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক এবং ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০১৯) অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনার লক্ষ্যে আগামী ৩০ ডিসেম্বর ২০১৯ তারিখে দিনব্যাপী একটি কর্মশালা অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে (কর্মসূচি সংযুক্ত)।

এমতাবস্থায়, উক্ত কর্মশালায় অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কমিটির সদস্যগণকে এবং বিভাগীয় কার্যালয়সমূহের উপপরিচালকগণকে ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর ২০১৯) অগ্রগতি প্রতিবেদনের (প্রমাণকসহ) হার্ডকপি ও সফটকপিসহ আগামী ৩০ ডিসেম্বর ২০১৯ তারিখে সকাল ৯:৪৫ ঘটিকায় কর্মশালায় যোগদান করার জন্য অনুরোধ করা হলো।


(রজবী নাহার রজনী)
সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও প্রচার)
ফোন: ৮১৮৯০৪৭
ই-মেইল: ad-training@dncrp.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (কার্যক্রম ও গবেষণাগার)/(প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপপরিচালক (সকল), বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর,।
- ৪। উপপরিচালক (সকল), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, সিজিএ ভবন (৪র্থ তলা, গেট নং-৪) সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
- ৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,।
- ৭। সহকারী পরিচালক (প্রশাসন), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (উক্ত কর্মশালায় সম্মেলন কক্ষ প্রস্তুতকরণ ও ১৭ জনের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৮। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অফিস কপি।